ইত্তেফাক

পৃঃ ২০ কলাম ৪

# মবরোধের কারণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠা
# রীক্ষা নেয়া সম্ভব হচ্ছে না

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

৯ নভেম্বর থেকে এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষা শুরু হয়েছে। কিন্তু অবরোধের ব
ীক্ষা নেয়া সম্ভব হচ্ছে না। এছাড়া ১৮ নভেম্বর থেকে স্কুলের বিভিন্ন শ্রেণীর বার্ষিক পরীক্ষ
ব। কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে চলছে পরীক্ষা। শুধু ঢাকা নয় দেশের অধিকাংশ জায়গার
তষ্ঠান গতকাল রবিবার অবরোধের কারণে বন্ধ ছিল।

ভিকারুননেছা নুন স্কুলে গতকাল ছাত্রীরা উপস্থিত না হওয়ায় টেস্ট পরীক্ষা নেয়া সম্ভব হ
পরীক্ষা তাই আগামী শুক্রবার অনুষ্ঠিত হবে। আজকে সোমবারও ছাত্রীরা আসতে না প
ীক্ষা পিছিয়ে দেয়া হবে। গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলে ৯ নভেম্বর (১৯শ পৃঃ ৬-এর ক:

## অবরোধের কারণে শিক্ষা প্রতিষ্ঠান

(২০শ পৃঃ পর)

থেকে এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষা শুরু হয়েছে। কিন্তু অবরোধের কারণে শিক্ষার্থীরা আসতে না পারায় পরীক্ষা নেয়া সম্ভব হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা আগামী ১৮ নভেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। ১৯ নভেম্বর থেকে কর্তৃপক্ষ পরীক্ষা নেবেন। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এসএমএ ফায়েজ বলেন, পরিস্থিতি অবলোকন করে আমরা সিদ্ধান্ত নিব। ভর্তি পরীক্ষার ফরম বিক্রি ও জমাদানের সময়সীমা বাড়ানো হবে কিনা এ ব্যাপারে তিনি বলেন, অবরোধের মধ্যে শিক্ষার্থীরা ফরম সংগ্রহ করতে না পারলে সময়সীমা বাড়ানো হবে। এদিকে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষাও ১৬ নভেম্বর পর্যন্ত স্থগিত করা হয়েছে। এছাড়া আজ সোমবার অনুষ্ঠেয় একাডেমিক কাউন্সিল ও বোর্ড অব এ্যাডভান্সড স্টাডিজের সভা স্থগিত করা হয়েছে। স্টামফোর্ড ইউনির্ভাসিটির আজ সোমবারের সকল পরীক্ষা স্থগিত করা হয়েছে। স্থগিত পরীক্ষার তারিখ পরে জানানো হবে।